

# যুগান্তর

তারিখ . 25. JUNE. 2015... ..  
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

## ভর্তিচ্ছুদের সঙ্গে চাঁদাবাজি জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও কবি নজরুল কলেজ ছাত্রলীগের সংঘর্ষ

### কবি প্রতিদিন

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে চাঁদা আদায়কে কেন্দ্র করে পুরান ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ও কবি নজরুল সরকারি কলেজ শাখা ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে মারামারি ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রলীগ কর্মী আহত হয়েছে। বুধবার সকালে কলেজের জনতা ব্যাংকের সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, বুধবার সকাল থেকেই কবি নজরুল সরকারি কলেজের শিক্ষার্থীরা মাস্টার্স শেষ পর্বে ভর্তি ও ফরম ফিল্পার টাকা কলেজ শাখা জনতা ব্যাংকে জমা দিচ্ছিল। এ সময় কলেজ শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা ব্যাংকের সামনে শিক্ষার্থীদের কাছ থেকে ২শ' টাকা করে চাঁদা আদায় করছিল। বেলা ১১টার দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কর্মী কামরুল তার এক আত্মীয়ের কি ভাষা দিতে ব্যাংকে আসে। কবি নজরুলের ছাত্রলীগ কর্মীরা তার কাছে টাকা দাবি করলে গুরু হয় বাকবিতণ্ডা।